

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৩৯০

বিশালগড়, ১৭ অক্টোবর, ২০২৩

প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা

সিপাহীজলা জেলায় ১৭,৯১৪ জন কৃষক বীমার আওতায়

প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনায় সিপাহীজলা জেলায় এখন পর্যন্ত ১৭ হাজার ৯১৪ জন কৃষককে বীমার আওতায় আনা হয়েছে। এই যোজনায় জেলার বিশালগড় ব্লকে ৪,৯০৩ জন, চড়িলাম ব্লকে ১,৯১৪ জন, জম্পুইজলা ব্লকে ১,১৭২ জন, নলছড় ব্লকে ২,৮২০ জন, মোহনভোগ ব্লকে ২,০৯১ জন, বক্সনগর ব্লকে ২,৯২৫ জন ও কাঁঠালিয়া ব্লকের ২,০৮৯ জন কৃষক বীমার আওতায় এসেছেন। প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনায় সিপাহীজলা জেলায় এখন পর্যন্ত ১৪ হাজার ৮৯৫ জন কৃষক ৮৩.৯৩ লক্ষ টাকা ক্ষতিগ্রস্ত ফসলের জন্য সহায়তা পেয়েছেন।

\*\*\*\*\*